

প্রবেশনারের মুচলেকা

যেহেতু আমি (নাম) :.....পিতা/স্বামী :

গ্রাম/ওয়ার্ড :..... ডাকঘর :.....

উপজেলা/পৌরসভা :..... জেলা :.....

অপরাধী প্রবেশন অধ্যাদেশ, ১৯৬০ (১৯৬০ সালের ৪৫ নং অধ্যাদেশ) এর ৫ ধারা মোতাবেক আদালত কর্তৃক নির্ধারিত সময় কালের জন্য প্রবেশন আদেশের নিম্নোক্ত শর্তাবলীযুক্ত মুচলেকা স্বাক্ষর করার শর্তে আমাকে প্রবেশনে মুক্তি দেয়ার আদেশ জারী করা হইয়াছে,

সেহেতু

ক) আমি বিশ্বস্তভাবে বর্ণিত শর্তাবলী পালন করিব।

খ) উল্লিখিত সময় চলাকালিন-

- ১। আদালত কর্তৃক নিয়োজিত প্রবেশন অফিসারের তত্ত্বাবধানে নিজেকে নিয়োজিত করিব।
- ২। আমার বাসস্থান ও জীবন ধারণের উপায় সম্বন্ধে প্রবেশন অফিসারকে অবহিত করিব।
- ৩। সৎভাবে ও শান্তিপূর্ণ ভাবে জীবন যাপন করিব এবং সৎ উপায়ে উপার্জনের চেষ্টা করিব।
- ৪। কোন প্রকার মাদকদ্রব্য সেবন করিব না, বহন করিব না, হেফাজতে রাখিব না এবং মাদকদ্রব্য সেবনকারী, বহনকারী, হেফাজতকারীর সহিত মেলামেশা করিব না।
- ৫। আদালত কর্তৃক আদেশ প্রাপ্ত হইলে আমি শাস্তি গ্রহণের জন্য আদালতে উপস্থিত হইব।
- ৬। সর্বদা সদাচরণ করিব।
- ৭। বর্ণিত শর্তাবলী পালন করিতে প্রবেশন অফিসার মৌখিক অথবা লিখিত ভাবে যে নির্দেশ দিবেন তাহা যথাযথ ভাবে পালন করিব।

গ) প্রবেশন আদেশ বহাল থাকাকালিন সময়ে আমি নিম্নোক্ত কার্যাবলী করিব না-

- ১। আদালত কর্তৃক নিয়োজিত প্রবেশন অফিসার অথবা অন্য কোন ব্যক্তির লিখিত অনুমতি ব্যতীত প্রবেশন আদেশে বর্ণিত নির্দিষ্ট এলাকার বাহিরে যাইব না।
- ২। মন্দ লোকের সংশ্রব রাখিব না এবং উচ্ছৃঙ্খল জীবন যাপন করিব না।
- ৩। দেশে বলবৎ কোন আইনে শাস্তিযোগ্য কোন অপরাধ করিব না।
- ৪। কোন প্রকার শাস্তি ভংগ করিব না অথবা এমন কোন কাজ করিব না যাহা শাস্তি ভংগের কারণ হইতে পারে।

যদি এই মুচলেকায় বর্ণিত শর্তাবলীর ব্যত্যয় ঘটে তাহা হইলে আমি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট

..... (.....) টাকা পরিশোধ করিতে বাধ্য থাকিব।

স্বাক্ষর :.....

তারিখ :.....

পাতা - ২

নাম.....পিতা/স্বামী :

গ্রাম/ওয়ার্ড :..... ডাকঘর :.....

উপজেলা/পৌরসভা :..... জেলা :.....

এর জামিনদার হিসাবে আমরা ঘোষণা করিতেছি যে,

- (ক) আদালত যখন তাহাকে তলব করিবে তখন সে আদালতে উপস্থিত হইবে এবং প্রদত্ত শাস্তি গ্রহণ করিবে।
- (খ) সে শাস্তি ভংগ করিবে না অথবা এমন কোন কাজ করিবে না যাহা শাস্তি ভঙ্গের কারণ হইতে পারে।
- (গ) উল্লিখিত সময়ে সকল ক্ষেত্রে সদাচারণ করিবে।

যদি এই মুচলেকায় বর্ণিত শর্তাবলীর ব্যত্যয়ে ঘটে তাহা হইলে আমরা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট
..... (.....) টাকা পরিশোধ করিতে বাধ্য থাকিব।

জামিনদার ১। স্বাক্ষর :

নাম :

ঠিকানা :.....

জামিনদার ২। স্বাক্ষর :

নাম :

ঠিকানা :.....